দৈনিক [illegible]

২৭/৭/২০০০

সেশনজট মুক্ত করার লক্ষ্যে

# রাজশাহী ভার্সিটির ৩টি বিভাগে পরীক্ষা গ্রহণের প্রতিযোগিতা

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ সেশনজট মুক্ত করার লক্ষ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের মার্কেটিং, হিসাববিজ্ঞান ও ফাইন্যান্স এ্যান্ড ব্যাংকিং বিভাগ পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের প্রতিযোগিতায় নামিয়াছে। ইহাদের মধ্যে মার্কেটিং বিভাগ প্রথম স্থানে রহিয়াছে।

জানা গিয়াছে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ব্যবস্থাপনা, ফাইন্যান্স এ্যান্ড ব্যাংকিং, হিসাববিজ্ঞান ও মার্কেটিং বিভাগে যথাক্রমে অন্য বিভাগগুলির তুলনায় এক বছর হইতে ৬ মাসের সেশনজট রহিয়াছে। তাহার মধ্যে ব্যবস্থাপনা বিভাগের অবস্থা খুবই শোচনীয়। এই বিভাগ অপর তিনটি বিভাগ অপেক্ষা প্রায় এক বছর পিছাইয়া রহিয়াছে। ফলে সেশনজট হ্রাস করিয়া দ্রুত আগাইয়া যাবার লক্ষ্যে মার্কেটিং, হিসাববিজ্ঞান ও ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ একে-অপরকে অতিক্রম করিয়া আগে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের চেষ্টা চালাইতেছে। ইহাতে মার্কেটিং বিভাগ সফল হইয়াছে। এই বিভাগ সর্বপ্রথম এমবিএ-এর তিনটি ব্যাচের শেষ বর্ষের ফলাফল প্রকাশ করিয়াছে এবং বাকীগুলির ফলাফল মাত্র ১৪/১৫ দিনে প্রকাশ করিয়া অন্য বিভাগগুলির তুলনায় আগাইয়া রহিয়াছে। এই অনুষদের অপর তিনটি বিভাগ এমবিএ-এর দুইটি ব্যাচ বাহির করিয়াছে। এদিকে বিবিএ-প্রোগ্রামের ব্যাচগুলিতে সেশনজটের মাত্রা অতিরিক্ত না হওয়ার লক্ষ্যে কে আগে পরীক্ষা গ্রহণ করিতে পারে উহার পদক্ষেপ নেওয়া হইতেছে। এই লক্ষ্যে বিবিএ প্রথম ব্যাচের তৃতীয় বর্ষের ফাইনাল পরীক্ষা মার্কেটিং বিভাগ ১৫ই জুলাই, হিসাববিজ্ঞান বিভাগ ১৯শে জুলাই এবং ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ ২৫শে জুলাই নির্ধারণ করিয়াছে। তবে ব্যবস্থাপনা বিভাগ এখনও এই ব্যাচের ক্লাস শুরু করিতে পারে নাই। অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের একই ব্যাচের অন্য বিভাগগুলি অনার্স পরীক্ষা শেষ করিয়া মাস্টার্সের ক্লাস করিয়া এক বছর আগাইয়া রহিয়াছে।